



**2022/TDC (CBCS)/EVEN/SEM/  
BNGHCC-403T/018**

**TDC (CBCS) Even Semester Exam., 2022**

**BENGALI**

**( Honours )**

**( 4th Semester )**

**Course No. : BNGHCC-403T**

**( লোকসাহিত্য ও সংস্কৃতি )**

**পূর্ণমান : ৭০**

**উত্তীর্ণ মান : ২৮**

**সময় : ৩ ঘণ্টা**

**পাঠ্যসূচী সংখ্যা পূর্ণমান নির্দেশক**

**SECTION—A**

**যে কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : ২×১০=২০**

- ১। 'বাংলার লোকসাহিত্য' গ্রন্থটির লেখক কে? বরাক উপত্যকার যে কোনো একজন লোকসাহিত্য গবেষকের নাম লেখো।
- ২। 'Foklore' শব্দটি কে, কোন্ পত্রিকায় সর্বপ্রথম ব্যবহার করেন?
- ৩। লোকসাহিত্য সংগ্রহে ব্যবহৃত যে কোনো দুটি উপকরণের নাম লেখো।

- ৪। বাংলা লোকসঙ্গীতের আদি উৎস কী? লোকসঙ্গীতের ইংরেজি প্রতিশব্দ লেখো।
- ৫। কোন্ ধারার লোকসঙ্গীত সাধারণত নৌকা বাওয়া, মাছ ধরা ও নদী-সংক্রান্ত হয়? ‘আমায় ডুবাইলি রে, আমায় ভাসাইলি রে’—গানটি কোন্ ধারার লোকসঙ্গীত?
- ৬। লোকসঙ্গীতের সংজ্ঞা লেখো।
- ৭। ‘ব্রত’ কথাটির সাধারণ অর্থ কী? যে ব্রত পালন করে তাকে কী বলা হয়?
- ৮। ‘ব্রত’-এর সংজ্ঞা লেখো।
- ৯। ‘বাংলার ব্রত’ গ্রন্থটি কার লেখা এবং গ্রন্থটি কত সালে প্রকাশিত?
- ১০। ‘মিথ’-শব্দটি কোন্ গ্রিক শব্দ থেকে এসেছে? অভিধানে ‘মিথ’ শব্দটির বাংলা অর্থ কী?
- ১১। ‘তারায় তারায়’ গ্রন্থটির নামকরণ কে করেছিলেন? গ্রন্থটি প্রথম কত সালে প্রকাশিত হয়েছিল?
- ১২। উত্তর আকাশে একসঙ্গে যে সাতটি তারা জ্বলজ্বল করতে থাকে, ভারতবর্ষের মানুষের কাছে তা কী নামে পরিচিত? ইউরোপের লোক ওই নক্ষত্রগুলোকে কী বলে?
- ১৩। ‘মৈমনসিংহ গীতিকা’ কার সম্পাদনায়, কত সালে প্রথম প্রকাশিত হয়?

- ১৪। মলুয়ার সঙ্গে চাঁদ বিনোদের প্রথম দেখা কোথায় হয়েছিল? মলুয়ার কয়জন ভাই ছিল?
- ১৫। “বাপে কান্দে ঝিয়ে কান্দে কান্দে পশুপাখি।  
অরণ্য জঙ্গলায় কন্যা রইল যে একাকী।”  
কোন কন্যার কথা বলা হয়েছে? সে কোথায় বন্দী হয়ে পড়েছে?

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

- ১৬। লোকসাহিত্যের সংজ্ঞা লেখো এবং লোকসাহিত্যের নিজস্ব বৈশিষ্ট্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ১৭। লোকসাহিত্যের যে কোনো দুটি ধারা নিয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ১৮। বাংলা লোকসঙ্গীতের বিষয়বৈচিত্র্য এবং সুরগত বৈশিষ্ট্য নিয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ১৯। বাংলা লোকসঙ্গীতের যে কোনো দুটি মূল ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২০। লৌকিক ব্রতের উদ্ভব ও বৈশিষ্ট্য সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।
- ২১। প্রধানত কোন্ কোন্ অঞ্চলে সূর্য ব্রত পালন করা হয়? সূর্য ব্রত পালনের উদ্দেশ্য এবং পদ্ধতি সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।

- ২২। 'মিথ'-এর সংজ্ঞা লেখো এবং 'মিথ'-এর কয়েকটি বৈশিষ্ট্য নিয়ে সংক্ষেপে আলোচনা করো।
- ২৩। “সভ্যতার পাদপ্রদীপ গ্রিসের দিকেই তাকানো যাক—কত কল্পনার রঙ ছড়িয়ে দিয়েছেন তাঁরা এই আকাশের জ্যোতিষ্কের বুকে।” আকাশের জ্যোতিষ্ক নিয়ে গ্রিসে যেসব মিথ প্রচলিত রয়েছে ‘তারায় তারায়’ গ্রন্থের প্রথম পরিচ্ছেদ অবলম্বনে তার মধ্যে যে কোনো একটির সংক্ষিপ্ত পরিচয় দাও।
- ২৪। গীতিকা বলতে কী বোঝ? ‘মৈমনসিংহ গীতিকা’র পাঠ্য যে কোনো একটি পালা অবলম্বনে গীতিকার মূল বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- ২৫। “‘মৈমনসিংহ গীতিকা’য় ধর্ম ও সমাজ-নিরপেক্ষ স্বাধীন মুক্ত প্রেমেরই জয়গান গাওয়া হয়েছে।” তোমার পাঠ্য ‘মহুয়া’ পালা বিশ্লেষণ করে মন্তব্যটির সার্থকতা প্রতিপন্ন করো।

★ ★ ★